# অপারেশন সার্চ লাইট
# ২৫ মার্চের গণহত্যার দলিল



**২৫ মার্চ ১৯৭১। পাকিস্তানি সেনাবাহিনীর কয়েকটি দল সেদিন ঢাকার বিভিন্ন এ্যাকায় হত্যাযজ্ঞ চালায়। ওয়্যারলেসে তাদের কথোপকথন সাধারণ রেডিওতেও শোনা গিয়েছিল। খিলগাঁও চৌধুরীপাড়া নিবাসী ডক্টর এমএম হুসাইন এই কথোপকথন আংশিক রেকর্ড করতে পেরেছিলেন। তিনি সে সময়ে অ্যাটোমিক এনার্জি কেন্দ্রে কাজ করতেন। পরবর্তী সময়ে এই ক্যাসেটটি মুক্তিযুদ্ধ জাদুঘরকে উইল করে দেয়া হয়। সাপ্তাহিক ২০০০ অবশ্য ক্যাসেটটি হাতে পায় চিত্র নির্মাতা কাওসার চৌধুরীর কাছ থেকে। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের কালরাত পুনর্গঠন করছেন তার একটি ডকুমেন্টারির জন্যে। ক্যাসেটটির কিছু অংশ কাজে লাগাবেন। প্রথমে ইংরেজি পরে বাংলায় অনুলিখন হলো প্রায় ৫৫ মিনিটের। আসল কথোপকথন অবশ্য অনেক কম। মাঝে মাঝে রেডিও স্ট্যাটিক, আশপাশের শব্দ এসব মিলিয়ে কোনো কোনো জায়গায় কথা অস্পষ্ট হয়ে যাচ্ছিল। সেজন্যে ক্যাসেটের অনুলিখন হঠাৎ হঠাৎ খাপছাড়া মনে হতে পারে। রেকর্ডিং-এর সময় রাত দেড়টা থেকে সকাল নয়টা পর্যন্ত**

হ্যালো 99 : তুমি রেডিও টিউন করে রাখো। নইলে টু সিক্সসহ অন্যান্যদের দুবার করে শুনতে হবে। এখনো নতুন কিছু হয়নি। রিজার্ভ লাইন দখলে আছে। বিশ্ববিদ্যালয় এলাকা...।

99 ইমাম... ওনার সাথে... অনুমতি চাচ্ছে...। আপনি খবর নিয়ে ওকে জানিয়ে দিন। ওভার।

77 ইমাম। এটা সাধারণ বার্তা। ওভার।


77। 88-এর সর্বশেষ অবস্থা... অগ্রগতি হচ্ছে বলে জানিয়েছে। কিন্তু পথে এতো দালান যে প্রতিটিকে আলাদা আলাদা করে ভাঙতে হচ্ছে। এখন পর্যন্ত কোনো হতাহত হয়নি। কিন্তু তার বিরুদ্ধে গোলাগুলি চলছে। সে পুরো শক্তি ব্যবহার করছে। ওভার।

ওকে জানিয়ে দাও বড় ভাইরা আসছে। হয়তো শীঘ্রই। তখন তাদের সাহায্যেই দালান ভাঙার কাজটি চালানো যাবে। এখন, অন্যদিকে আমার ধারণা লিয়াকত আর ইকবাল বেশ চুপচাপ। ঠিক বলেছি? ওভার।

- 77 ওখানকার কাজ সম্পন্ন হয়েছে বলে এখনো কোনো রিপোর্ট পাইনি। কিন্তু তারা তো ঐ দু'জায়গার ব্যাপারে খুবই উৎফুল্ল মনে হলো।

- খুব ভাল কথা। জোয়ানদেরকে বলো কার্ফিউয়ের ঘোষণা চালিয়ে যেতে। এক নম্বর। দুই নম্বর হলো ঘোষণা করতে থাকবে যে সব বাংলাদেশী পতাকা নামিয়ে ফেলা এবং মালিককে কঠিন পরিণতি ভোগ করতে হবে। কোনো কাল বা বাংলাদেশী পতাকা থাকবে না। থাকলে পরিণতি ভয়াবহ হবে। রজার সোফার। ওভার।

- 77। রজার। ...77 আর দ্বিতীয়ত রোডব্লকের ব্যাপারে ঘোষণা দিতে হবে। কোনো রোডব্লকে কোনো লোক দেখা গেলে তাকে সেখানেই গুলি করা হবে। আর যে এলাকায় রোডব্লক দেখা যাবে, সেখানকার লোকদের সাজা দেয়া হবে। তাদেরকেই দায়ী করা হবে। রোডব্লকের দু'দিকের বাড়ি পুরো ধ্বংস করে দেয়া হবে। এটা যেন সাধারণ মানুষ ভালোভাবে বুঝে সেভাবে ঘোষণা দিতে হবে। আজকে রাতে, কালকে সকালে আর পরদিন পুরো দিন এই ঘোষণা চলতে থাকবে। ওভার। আউট টু ইউ। হ্যালো 41। তোমরা পেয়েছো? ওভার।



*রোড ব্লকের কারণে পাকিস্তানি সেনাবাহিনীর ভারী যানগুলো বাধাপ্রাপ্ত হচ্ছিল। তাই কড়া ব্যবস্থার কথা হচ্ছে। অন্যদিকে সেই ২০ মার্চ রাতেই 'বাংলাদেশ পতাকা' কথাটা যে সময়ে পাকিস্তানিদের মুখে উচ্চারিত হচ্ছে সে সময়ে অনেকের কাছেই বাংলাদেশ কথাটি অর্থহীন ছিল।*

...88। ইমাম সেটেই আছে। পাঠাও। ওভার।

88. উইলকো। ওভার।

88. ইমামের জন্যে। বাংলাদেশী আর কাল পতাকার ব্যাপারে। কোনো বাড়িতে ঐ পতাকা

উড়লে তাদেরকে তৎক্ষণাৎ হুঁশিয়ার করে দিতে হবে। অন্যথায় সাজা দেয়া হবে রজার সোফার। ওভার।

88. উইলকো। ওভার।

88. যেকোনো স্থানে রোডব্লক দন্ডনীয় অপরাধ হিসাবে গণ্য করা হবে। এই কাজে জড়িতদের দেখার সাথে সাথে গুলি করা হবে। দু'দিকের বাড়িই ভেঙে দেয়া হবে। তোমাদের পাবলিক অ্যাড্রেস সিস্টেমে রোমিং প্যাট্রলের মাধ্যমে এগুলো ঘোষণা করাতে থাকো।

88. উইলকো। আর কিছু? ওভার।

88। তোমার ইমাম বলছিল কাজটা সারতে আর প্রায় ৩-৪ ঘন্টা সময় প্রয়োজন হবে?

88। ইমাম এখন 26-এর ইমামের সাথে আছে। তোমার বাড়তি সাহায্য প্রয়োজন হলে তাকে জানাতে পারো। বাখতার এলিমেন্টের খবর হলো তারা আদি জায়গা থেকে এগুতে শুরু করেছে। আশা করা যায় ভোরের আলো ফুটলেই তোমাদের বাধাগুলো ধ্বংসে সাহায্য করতে পারবে। ওভার।

88। অনেক ধন্যবাদ। সবকিছু ভাল যাচ্ছে। ওভার।

88। রজার। আউট টু ইউ। হ্যালো 41। বার্তা শেষ।

41। তোমাদের এলাকার পশ্চিমে পালাবার পথের ব্যাপারে। নিশ্চয়ই সেখানে প্রয়োজনমত বাধার ব্যবস্থা হয়েছে। 26 ও 88 যাদের বাধার সম্মুখীন হচ্ছে তারা যেন কোনোমতেই ঐ পথে সটকে না পড়ে। ওভার।

41। আমরা ইতিমধ্যেই পশ্চিম এলাকায় ভালোরকম টহলের ব্যবস্থা করছি...। ওভার।

41, রজার। তোমরা কি নিশ্চিত তোমরাই জায়গার নিয়ন্ত্রণে থাকবে? 26-এর একটা এলিমেন্ট ডেইলি পিপ্‌ল-এ আমাদের বন্ধুটিতে খুঁজে বের করেছে। তোমরা জানলে হয়তো খুশি হবে। আউট।

88-কে 99। হায়েস্ট কন্টোল জানতে চেয়েছে জগন্নাথ, ইকবাল আর লিয়াকতে তোমরা কি ধরনের বাধার সম্মুখীন হয়েছিলে? ওভার।

99-কে 88। প্রাথমিকভাবে আমাদের ওপর বেশ গোলাগুলি হয়। বিশেষ করে জগন্নাথ আর ইকবাল থেকে। রজার সোফার। ওভার।

88। তারপর আমরা রোমিও বোমিও দিয়ে হামলা চালালে তারা কোনো পাল্টা গুলি চালায়নি। আমরা কয়েকজনের 'পাকা বন্দোবস্ত' করতে সক্ষম হয়েছি। রজার সোফার। ওভার।

88-কে 99, রজার। ওভার।

99-কে 88। আমি এখন লিয়াকতে ঢুকছি কারণ ওখানকার সেটটা কাজ করছে না। তাদের অগ্রগতির খবরও জানি না। ওটা ঠিক করে আমি তোমাকে আরো জানাচ্ছি। ওভার।

88-কে 99। অন্যদিক থেকে অটোমেটিক আগ্নেয়াস্ত্র বা গ্রেনেড ব্যবহার করা হয়েছে কিনা আমাদের জানাও। ওভার।

অন্য পক্ষ থেকে 99-কে 88। ৩০৩-এর প্রচুর গুলি হয়েছে। কোনো অটোমেটিক বা গ্রেনেডের আওয়াজ পাইনি। ওভার।

88। রজার। আউট।

26-কে 99। কোন কোন লক্ষ্য আমরা হাসিল করেছি জানাও। ওভার।

99-কে 26। ২০০০ দখল করা হয়েছে। রমনা থানা, কমলাপুর রেলস্টেশন দখল করা হয়েছে। টেলিভিশন, রেডিও নিয়ন্ত্রণে আছে। এক্সচেঞ্জ দখল করা হয়েছে।... ওভার।

88। কমিশনারের কার্যালয় থেকে আমরা পুরানা পল্টনে আগুন দেখতে পাচ্ছি। এটা কি 'হেড অফিস' না অন্য কোনো জায়গা?

99-কে 26। এরিয়া ২০০০-এ আগুন লেগেছে। আবার বলছি এরিয়া ২০০০-এ আগুন লেগেছে। ওভার।

**কোনো রোডব্লককে কোনো লোক দেখা গেলে তাকে সেখানেই গুলি করা হবে। আর যে এলাকায় রোডব্লক দেখা যাবে, সেখানকার লোকদের সাজা দেয়া হবে। তাদেরকেই দায়ী করা হবে। রোডব্লকের দু'দিকের বাড়ি পুরো ধ্বংস করে দেয়া হবে।**



*এরিয়া ২০০০ অর্থাৎ পুলিশ লাইন থেকেই সে রাতে পাকিস্তানি সেনাবাহিনী প্রথম প্রতিরোধের সম্মুখীন হয়। কিন্তু সেনাবাহিনীর ভারী অস্ত্রের মুখে পুলিশবাহিনী দাঁড়াতেই পারেনি। অনেকে নিহত হয়, অনেকে পালিয়ে যায়।*

88-কে 99। পিপ্‌লস ডেইলির খবর কি?

99-কে 26। উড়িয়ে দেয়া হয়েছে। আবার বলছি উড়িয়ে দেয়া হয়েছে। আমাদের দু'জন মারাত্মকভাবে আহত। চিকিৎসার জন্যে সিএমএইচ পাঠানো হচ্ছে। আর দু'জন হালকা আহত হয়েছে।

26-কে 99। অন্যপক্ষে হতাহত সম্পর্কে কোনো ধারণা আছে?

26। না এখনই কিছু বলা মুশকিল। বিভিন্ন জায়গা পুরোপুরি ধ্বংস হয়েছে নতুবা আগুনে পুড়েছে। এখন কিছুই বলা সম্ভব নয়। ওভার।

26-কে 99। তোমরা কি ...করেছো?

99-কে 26। আমি বলছি ২০০০। পুলিশ লাইনে আগুন লেগেছে। ওভার।

88-কে 99। ভাল দেখিয়েছো। আউট।

55। অবস্থান। ওভার।

99। আমরা ফার্মগেট থেকে একটু দূরে। আমরা এখানে বিস্ফোরক ও অন্যান্য জিনিসের সাহায্যে রোডব্লক সরাচ্ছি। এখনও ঐ জায়গাতেই আছি। ওভার।

55। রজার। আশা করি তোমার বিরুদ্ধে কেউ রুখে দাঁড়ানোর সাহস পায়নি। ওভার।

55। আমরা সব...। এখন পর্যন্ত কেউ বাধা দেয়নি। ওভার।

55। রজার। ডোজার আর বখতার এলিমেন্ট কি তোমাদের সাথেই আছে?

99। ...আমরা ইতিমধ্যে ...সরানোর জায়গায় চলে এসেছি। আর ...আমার সাথেই আছে। আমাকে সাহায্য করছে। ওভার।

55, দারুণ। আগাতে থাকো। আমরা অরিজিনাল বিল্ডিং এরিয়াতেই আছি। তোমরা রাস্তার অহেতুক ক্ষতি করা থেকে বিরত থেকো। ওভার।

99। আমরা বেশ কিছু লেক ধরেছি যারা রোডব্লক স্থাপন করেছিল। হিন্দুদের দিয়ে রোডব্লক সরাবার কাজ চালানো হচ্ছে। কাজ শেষে তাদেরকে তোমার কাছে পাঠাবো না 'বন্দোবস্ত' করে দেবো? ওভার।

41, স্থানীয় লোকবল তোমরা তো ভালই কাজে লাগচ্ছো। ওদের ব্যাপারে ইমামকে জানাতে হবে। তারপর সে অনুযায়ী তোমরা কাজ করতে পারো।

26। পাঠাও। ওভার।

26, তোমরা ডেইলি পিপ্‌ল থেকে গুরুত্বপূর্ণ কাউকে বের করতে পেরেছো? ওভার।

26। না পারিনি। কিন্তু আমাদের সৈন্যরা জানিয়েছে তারা অন্য জায়গায় গুরুত্বপূর্ণ লোক পেয়েছে। তাদের খবরের অপেক্ষায় আছি। ওভার।

26, রজার। আলফা লিমার অফিস কি দখল করা হয়েছে এতোক্ষণে? ওভার।

26। না। ভোরের আগেই আমরা লক্ষ্যবস্তুটিকে হারাই। ওভার।

26। রজার। কিছু কাগজ বা নথিপত্র জ্বালিয়ে নষ্ট করা হতে পারে। যাই হোক তোমাদের পরিকল্পনানুযায়ী এগুতে থাকো আর খুঁটিনাটি যা হয় আমাদের জানাতে থাকো। আউট।

হ্যালো 26। 77-এর কাছ থেকে এসেছে এটা। মারখোরকে জানাবে যে ইমাম বলেছে ভোরের আলো ফোটার আগে আগেই সবকটা লাশ-এর ব্যবস্থা করতে। অন্যান্য সবাইকে প্রয়োজন অনুযায়ী জানিয়ে দেন।



*ঢাকার বাঙালিদের কাছ থেকে গণহত্যা লুকানোর একটা প্রয়াস দেখা যায়। ঢাকা বিশ্ববিদ্যালয়ে গণকবরের ব্যবস্থা হলেও অন্যান্য জায়গায় তা হয়নি। পুরনো ঢাকার কিছু এলাকায় রাস্তায় লাশ পড়েছিল প্রচুর।*

26। রজার। আপনি আপনার ইমাম আর মারখোরকে খবরটা দিয়ে দেন। আউট টু ইউ। হ্যালো 41 থুড়ি হ্যালো 16, 41, 88। তোমরা শুনেছো? ওভার।

88...ওভার।

88। তাদের ধ্বংস করার ব্যবস্থা করো। স্থানীয় লোক দিয়ে তাদের জনপদ থেকে সরাবার ব্যবস্থা করো।

88, যখন পারো আমাদেরকে অন্যপক্ষের হতাহতের আনুমানিক সংখ্যা জানিও। এটুকুই। আউট।

...আমার রায় হলো তোমরা সিটর‍্যাপ রাত ১টার পর থেকে কি কি ঘটেছে সেই লাইনেই লিখে পাঠাতে পারো। ওভার।

99। হ্যালো 99। রাত ১টা থেকে আমার আধঘন্টা পর্যন্ত ... তো তারপর টেলিফোনের ব্যবস্থা হয়...। কাজেই আমরা বার্তার অধিকাংশই পাইনি। ওভার।

99। তারপর থেকে খবরগুলো তোমার কাছে পাঠানো হচ্ছিল। বেলালের দলবল 'মেনবার্ড'কে খাঁচায় ভরা থেকে শুরু করে দুটো টেলিফোন এক্সচেঞ্জ, রমনা থানা, পিপলস ডেইলি, রিজার্ভ

লাইন। আর বিশ্ববিদ্যালয় এলাকায় তো এখনো কর্মকান্ড অব্যহত আছে। আর ধানমন্ডির কয়েকটি বাড়ির লোকজনকে খুঁজে বের করা যায়নি। ওভার।

99। মেষ বার্তার ব্যাপারে। কোন্ কোন্ বাড়ি থেকে লোকজন খুঁজে পাওয়া যায়নি? ওভার।

99। তাজুদ্দিন আর ভুঁইয়া। এই দু'জনকে তাদের বাড়িতে পাওয়া যায়নি। অন্যদিকে ফিজিক্যাল ট্রেনিং ইনস্টিটিউটে অস্ত্রের খবর পাওয়া গেলেও এখন পর্যন্ত কোনো কিছু মেলেনি। ওভার।

এটা কি ঐ মোহম্মদপুর এলাকার ফিজিকাল ট্রেনিং, ইনস্টিটিউট? ওভার।

99। হ্যাঁ। এখনো পর্যন্ত এখানে কিছুই নেই। এরপর মালখানা আর লালবাগ কেল্লার ব্যবস্থা করতে হবে। কিন্তু ওগুলো পরে। তোমার জন্যে উপহারের ব্যবস্থাই করা হচ্ছে। ওভার।

99। আমরা 26 আর 88-এর কাছে সব শুনেছি। অন্যান্য কলসাইনের খবর কি? ওভার।

99, 16 স্বল্প বাধার মোকাবিলা করতে হয়েছে। এতে তারা ৪ জনকে ঘায়েল করেছে আর ১০ জনকে আহত করেছে। তারপর আধা ঘন্টার মধ্যেই তারা জায়গাটির নিয়ন্ত্রণ নিয়ে নেয়। 41... তারা এখনো তাজুদ্দিন ভুঁইয়া... ফিজিক্যাল ট্রেনিং ইনস্টিটিউট। তারা অন্যান্য কিছু লোক ধরতে পেরেছে। কিন্তু আসল লক্ষ্য বহু আগেই তল্পিতল্পা গুটিয়ে সরে পড়েছে। জানা গেল তারা সবাই গত দু'দিন ধরে আতঙ্কিত ছিল এবং গতকাল সকাল থেকে লোকজন সরে পড়তে শুরু করেছে। সেজন্যে তারা পশ্চিমে ব্লক তৈরি করেছে যেন ওদিক দিয়ে রেললাইন পেরিয়ে কেউ পালাতে না পারে। ওভার।

99। রজার। ওভার।

99। আশা করি তোমাদের জিম্মিদেরকে নিয়ে বেশি ঝামেলা হয়নি। ওভার।

99। আমি... নিয়মমাফিক। ওভার।

99। এখন কিছুক্ষণ খাবার না ফেলে তাদের কোনো ক্ষতি হবে না। তারা ৭/৮ দিনের জন্যে ঐ পন্থা গ্রহণ করতে পারে।

88। তুমি তো জানোই 41 ক্যাম্পাসের পশ্চিমে অবস্থান করছে। তাকে দরকার হলে...। তোমাদের নিজেদের মধ্যে ঠিক করে নিলে সে তোমার শত্রুর অজান্তেই তার পেছন থেকে আক্রমণ করতে পারে। সেক্ষেত্রে তোমাদের অবশ্য হিসেব করেই গোলাগুলি করতে হবে।

88। রজার। তোমরা কতদূর আগালে। আর কতোটুকু বাকি? ওভার।

88। তোমার কঠিন অবস্থা বুঝতে পারছি। রেললাইনের কতদূরে আছো? আমাদের কোনোভাবে বোঝাতে পারো কোথায় আছো? এখন আলো ফুটতে শুরু করেছে। ওভার।

88। এটা দারুণ খবর। আরও অগ্রগতি হলে তোমার মারখোর আমাকে খবর জানাতে পারে। ধন্যবাদ। আউট টু ইউ। হ্যালো 41। খবর পেয়েছে? ওভার।

41। 88কে সাহায্য করার ব্যাপারে, আমি তার সাথে আলোচনা করেছি। সে জানিয়েছে তার কাজ মোটামুটি শেষ পর্যায়ে। এখন পশ্চিম থেকে আমরা এগিয়ে গেলে পরিস্থিতি পেঁচিয়ে যেতে পারে। বিশেষ নিজ সৈন্যরাই ক্রস ফায়ারের শিকার হতে পারে। কাজেই তার মতে তুমি তোমার জায়গায় থাকো। ওভার।

41। তুমি তোমার ইমামকে জিজ্ঞেস করে তোমার এলাকায় ধরা পড়া গুরুত্বপূর্ণ ব্যক্তিদের লিস্ট তৈরি করতে থাকো। তারপর ... জানাও। ...যাদের ব্যাপার আমাদের আগ্রহ আছে। ওভার।

41। রজার। ওভার।

41। আউট টু ইউ। হ্যালো 99 ছোটাকে নাও। ওভার। 26 মারখোরকে মারখোর। ইমাম এখন পাপা হাউসে। ওভার।

26। হ্যাঁ। ওভার।

মারখোরকে মারখোর। অবস্থান জানাও। পাপা হাউসে কোথায় আছে জানাও। ওভার।

ওটা অন্যভাবে হলেও করতে হবে। কারণ বুঝতেই পারছে কাজটির দীর্ঘসূত্রি ফলাফল হতে পারে। উপরন্তু আমি চাই বিশেষ করে ধানমন্ডিতে বাড়ি বাড়ি তল্লাশি চালানো হোক। সময় নিয়েই কাজটি সারতে পারো। একটা করে ব্লক ঠিক করে। সেখানকার প্রতিটি বাড়ির লোকদের বেরিয়ে আসতে বলো। প্রত্যেককে ভাল করে লক্ষ্য করবে। কাউকে সন্দেহজনক মনে হলে গ্রেপ্তার করবে। বাকিরা বাড়িতে ফেরত যাবে। আমার আর কিছু বলার নেই। তোমার কিছু থাকালে জানাতে পারো। ওভার।

77 কে 41। রজার সোফার। ওভার।

77। তোমার এলাকার ইমামের কথা অনুযায়ী এটাই তোমার কাজ। প্রতিটি ব্লক কর্ডন করে আলাদা করে ফেলবে। ঘোষণার পর প্রত্যেকে বেরিয়ে আসবে। গুরুত্বপূর্ণ কেউ থাকলে তাদেরকে শনাক্ত করবে। তল্লাশি চালিয়ে দেখবে বাড়ির ভেতরে যেন কেউ না থাকে। রজার সোফার। ওভার। এখন 41-এর জন্যে এই বাড়ি তল্লাশি খুব সুচারুভাবে চালাতে হবে। যেন কোনো কিছু বাদ না পড়ে। এছাড়া তোমরা নির্ভরযোগ্য স্থানীয় লোকদের দিয়ে শনাক্ত করার কাজটি চালাতে পারো। ওভার।

77। রজার আউট টু ইউ। ওভার। 88 কে 77। তোমরা বার্তা...? ওভার।

26। মারখোরকে জানাও লেঃ কমান্ডার মোয়াজ্জেমকে ধরতে গেলে সে বাধা দেয়। ফলশ্রুতিতে সে নিহত হয়। লে: কমান্ডার মোয়াজ্জেম মারা গেছে। তার লাশ আমাদের সাথে আছে। ওভার।

26। রজার। আউট। ইমামকে 88 মারখোর। ওভার।

ইমাম সেটে আছে। ওভার।

88, তোমার এখানকার কাজ শেষ করতে কতক্ষণ লাগবে? রেললাইন আর নদীর মাঝের এলাকায় পৌঁছাতে তোমার কতক্ষণ লাগবে। তোমাদের দায়িত্বে তো ঐ এলাকাই দেয়া হয়েছে। ওভার।

77 কে 88। আবার বলো। ওভার।

88। মারখোর বলছি। তোমার কাজ শেষ করে নিজের এলাকায় মানে নদী আর রেললাইনের মধ্যবর্তী এলাকায় পৌঁছাতে কতক্ষণ লাগবে? ওভার।

77 কে 88। এখন তো পৌনে ৭টা বাজে। আমার আরো ১ ঘন্টা লাগবে। তারপরই রওয়ানা হবো। মৃতদেহ জমা করে তার

## ব্যবহৃত কোডসমূহ

পাকিস্তানিরা বেশ কিছু সাংকেতিক কথা ব্যবহার করে। কোনটার মানে কি সেটাও কাওসার চৌধুরী বের করে দিয়েছিলেন। একেকটি দলের নাম ছিল দুই অংকের এবং প্রত্যেকটি একটি বিশেষ এলাকার দায়িত্বে কাজ চালাচ্ছিল।

টু সিক্স (26) : প্রেসিডেন্টস হাউস। রমনা ও বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস এলাকা।

ফোর ওয়ান (41) : ক্যাম্পাসের পশ্চিমে ধানমন্ডি এলাকা।

এইট এইট (88) : ক্যাম্পাস থেকে দক্ষিণে। নদীর আগ পর্যন্ত।

নাইন নাইন (99) : কমিশনার কার্যালয় (বর্তমানে পররাষ্ট্রমন্ত্রণালয়)। সম্ভবত এরাই সমন্বয়কারী ছিল এবং অন্যান্যদের নিয়ন্ত্রণ করছিল।

ওয়ান সিক্স (16) : ইপিআর লাইন, পিলখানা (বর্তমানে বিডিআর)।

ফাইভ ফাইভ (55) : ফার্মগেট এলাকা।

ফাইভ ফোর (54) : প্রধান কার্যালয়ের যানবাহন বিভাগ।

কন্ট্রোল : কর্মকান্ড অধিনায়ক।

বিভিন্ন এলাকা এবং বিশেষ কয়েকটি জায়গার জন্য কয়েকটি সংকেত ব্যবহৃত হয়েছে।

পাপা হাউস : বেইলি রোডের প্রেসিডেন্ট ভবন।

লিয়াকত : বুয়েট ছাত্রাবাস।

ইকবাল : ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রাবাস (জহুরুল হক হল)।

জগন্নাথ : ঢাকা বিশ্ববিদ্যালয় অমুসলিম ছাত্রাবাস।

এলাকা ২০০০ : পুলিশ লাইন (রাজারবাগ)

পাকিস্তানি সেনাবাহিনীর অভ্যন্তরীণ কয়েকজনের জন্য কয়েকটি সংকেত ছিল।

সর্বোচ্চ কল্লোল (Highest Control) : জেনারেল টিক্কা খান।

ইমাম : অধিনায়ক।

মারখোর : অ্যাডজুট্যালি।

ছোটা : গোয়েন্দা অফিসার।

চিতা : পদাতীক বাহিনী।

টাটু : ট্রান্সপোর্ট অফিসার।

ডিএসএএমএল (DSAML) : ডেপুটি সেক্টর অ্যাডমিনিস্ট্রেটর, মার্শাল ল।

বড় ভাই (বিগ ব্রাদার্স) : ট্যাঙ্ক।

বাখতার এনিমেন্ট : ট্যাঙ্ক বা বুলডোজার।

রোমিও রোমিও : রিকয়েললেস রাইফেল (ট্যাঙ্কহানি অস্ত্র)।

আওয়ামী লীগের জন্যে জয়েকটি সংকেত ছিল।

আলফা লিমা : আওয়ামী লীগ।

হেড অফিস : আওয়ামী লীগ প্রধান কার্যালয়।

আসল পাখি (মেইন বার্ড) : শেখ মুজিবুর রহমান।

তাজুদ্দিন : মহাসচিব, আওয়ামী লীগ।

একটা ব্যবস্থা করে রওয়ানা হতে আমার আরো ঘন্টাখানেক সময় লাগবে।

88। রজার। তুমি ওগুলো এক জায়গায় জড় করে 26 কে ডাক দিতে পারো। ইমাম বলেছে মৃতদেহের ব্যবস্থা পরেও করা যাবে। আপাতত দুই ভাগে গুনে রাখো। পুলিশ আর সিভিলিয়ান। 26কে ডাকলে তারা মৃতদেহের নজরদারী করতে পারবে আর তুমি তোমার জায়গায় চলে আসতে পার। রজার।

88। রজার। আপাতত আমরা... এক জায়গায় জমা করে 26 কে ডাক দেবো।

88 কার্ফিউ পতাকা নামানো। আর ডোর ব্লকের ঘোষণার ব্যাপারে ইমাম চায় যে ঘোষণা যেন স্থানীয় ভাষায়, উর্দুতে এবং ইংরেজিতে করা হয়। আর লাগাতার চালিয়েই যেতে হবে, কারণ অনেকে জানে না আসলে ব্যাপারটা কি, কিকি বিধিনিষেধ আছে। কাল ৭টা পর্যন্ত কার্ফিউ চলবে। ওভার

80। উইলকো। এখন পর্যন্ত... চার ঘন্টা ধরেই আমরা ঘোষণা চালিয়ে যাচ্ছি। ওভার।

88, খুব ভাল কথা। এছাড়া ইমাম জানিয়েছে তোমাদের পুনরেকত্রিত হতে। আউট টু ইউ। হ্যালো 26, 41। বার্তা পেয়েছো? ওভার।

26। হ্যালো 41 তোমরা 54কে পাঠানো বার্তা পেয়েছো? ওভার।

41, ...ওভার।

...88 যে ১ ঘন্টার মধ্যে সে দক্ষিণে আগানো শুরু করবে। তার দায়িত্ব সেখানেই। তোমরা লাশের ব্যাপারটা তদারকি করবে। তোমার ইমাম 88-এর ইমামের সাথে ঠিক করে নিতে পারে কিভাবে করা যায়। ওভার।

16 রজার। আউট।

16 রজার... বাড়তি গোলাবারুদের প্রয়োজনটাই শুধু জানাবে। কত খরচ হয়েছে, আবার বলছি কত খরচ হয়েছে জানাবার দরকার নেই। বাড়তি গোলাবারুদ দরকার হলে কি ধরনের এবং কতটা প্রয়োজন জানাও। আর প্রশাসনিক কাজে কোনো সাহায্য দরকার হলে জানাও কার সাহায্য দরকার।

হ্যালো 88। নদীর দক্ষিণে একটা জায়গা আছে নাম জিনিজিরা। বানান করছি। নদীর ঠিক দক্ষিণেই তোমার এলাকা বরাবর। জানানো হয়েছিল এখানে নাকি প্রচুর অস্ত্রসস্ত্র গোলাবারুদ মজুদ করে রাখা আছে। টহল শেষ করে রোমিও সিয়েরা ইউনিট তোমাকে কিছু তথ্য জানাতে পারে। ঐদিকে একটু নজর রাখতে হবে। ওভার।

88 ধন্যবাদ ক্যাম্পাসে কাজ শেষে রওয়ানা করলে আমাদের জানিও। তোমার এলাকায় কি এখনো গোলাগুলি চলছে? ওভার।

আমরা ছেড়ে চলে যাচ্ছিলাম। এমন সময় একটা বাড়ি থেকে এক রাউন্ড গুলি হয়। বাড়ির দু'জনকে গুলি করে ফেলে দিয়েছি। আর গোলাগুলি হবে বলে মনে হয় না। ওভার।

88। রজার। আউট টু ইউ। হ্যালো 16, 16 আমার শেষ প্রশ্নের জবাব দাও। ওভার।

77...

16 রজার। আর কোনো খবর আছে কি?

সব অস্ত্রশস্ত্র তোমাদের নিয়ন্ত্রণে আছে? ওভার।

77। হ্যাঁ। শুধু ৮/১০ জন রাইফেল নিয়ে... ওভার।

16, কোনো ব্যাপার না। লাইনে এখন কতজন আছে? তোমরা গুনেছো? ওভার।

আমরা এখনো রাজারবাগে সব গুছিয়ে নিয়ে তদন্ত করলে তবেই...। তখনই গোনা সম্ভব হবে। অন্য পক্ষের সব অফিসারকে আমরা আটকে রেখেছি। ওভার।

16। সে ঠিক আছে। যা ভাল মনে করো করতে থাকো। কোনো তাড়াহুড়া নেই। গোলাবারুদের দরকার হলে জানাতে পারো। আমার মনে হয় না হবে শুধু তোমার একটা এলিমেন্ট যেটা 88কে সাহায্য করছিল- তাদের দরকার হতে পারে। আউট।

ঐ এলিমেন্ট তো 16-এ নেই। 88-ই ওটার প্রয়োজন জানাতে পারবে। ওভার।

16 রজার। কিন্তু 88 এখন তার এলাকায় ফেরত যাচ্ছে। রেললাইনের দক্ষিণে। তোমার এলিমেন্টটি তোমার সাথে আবার যোগ দেবে মনে হয়। যাই হোক তার কাছ থেকেই প্রয়োজন জেনে নেবো। ওভার।

88 ইমাম তোমাকে তোমার এলাকায় নিয়ে সিদ্ধিরগঞ্জ পাওয়ার স্টেশন দখল করতে বলেছে। সেখানে তুমি কিছু লোকবল মোতায়েন করে এসেছিলে। তোমার এলাকায় পৌঁছেই পাওয়ার স্টেশন কব্জায় আনবে। আর দেখো সৈন্যরা যেন বেশি ক্লান্ত না হয়ে পড়ে। বেশি পরিশ্রান্ত হলে তাদের সাময়িক ছুটি দেয়া যেতে পারে। কয়েক ঘন্টা বিশ্রাম করে আবার যোগ দেবে। আমি তোমাদের আরেকবার অভিনন্দন জানাতে চাই। আজিজকেও জানিও। তোমরা এই এলাকায় খুব ভাল কাজ করেছো। আমি অত্যন্ত আনন্দিত। ওভার।

রজার। অনেক ধন্যবাদ। আমরা দুটো ১২ বোরের রাইফেল পেয়েছি জগন্নাথ থেকে। আর এখানে একটা ছোট ফায়ারিং রেঞ্জও আছে দেখছি। ওভার।

রজার। ভাল কাজ করেছো। বিশ্বিবিদ্যালয়ে আনুমানিক হতাহত কত হবে? ওভোর।

88। এই তিনশোর মত।

88, সাবাস। ৩০০ নিহত, আহত ক'জন বন্দী ক'জন? ওভার।

88 শুধু একটাই প্রয়োজন মনে করি। ৩০০ নিহত। ওভার।

হ্যাঁ, আমিও একমত। ওটাই অনেক সহজ। কিছু জিজ্ঞেস করতে হয় না, কিছু জানাতে হয় না। কোনো ব্যাখ্যার মধ্যেও যেতে হয় না। আবারো তোমাদের বাহবা দেই। এখন তোমাদের আরেকটু কঠিন কাজ করতে হবে। তোমাদের সাথে আরএসইউ এলিমেন্টও নদী টহল দিতে পারে। তাহলে তোমরা ভালমতই কাজটা করতে পারবে। আর অন্য যে কাজটা তোমাদের দিয়েছিলাম, শুরু করে দিতে পারো। শুভকামনা রইলো... ইনশাআল্লাহ তোমাদের সাথে দেখা করতে আসবো ওখানে। আমি চাই তোমরা নিশ্চিত করো যেন কোনো রোডব্লক না থাকে। আর কোথাও রোডব্লক পাওয়া গেলেও সবচেয়ে ভাল হয়, যদি তোমরা ওখানকার কিছু লোককে ধরতে পারো। দু'পাশের বাড়িঘর উড়িয়ে দেবে আর কয়েকজনকে দন্ড দিয়ে পুরস্কৃত করতে পারো। মৃত্যুদন্ড দেবে কয়েকজনকে, বাকিদের ছেড়ে দেবে। তাহলেই এমন কাজ আর কেউ করবে না। ওভার।

**২০০০ দখল করা হয়েছে। রমনা থানা, কমলাপুর রেলস্টেশন দখল করা হয়েছে। টেলিভিশন, রেডিও নিয়ন্ত্রণে আছে। এক্সচেঞ্জ দখল করা হয়েছে ... ওভার।**



*উর্ধ্বতন কর্মকর্তা ও মাঠের অফিসার দু'জনেই প্রাণনাশের কথা বলছে যেন পাখি শিকার করছে। স্পষ্ট ইঙ্গিত পাওয়া যায় যে ২৫ মার্চের রাতে গণহত্যা পূর্বপরিকল্পিত ঘটনা। সামরিক পোশাকে ঠান্ডা মাথায় খুন করা হয় বাঙালিদের।*

88। উইলকো। ওভার।

26 মারখোর শুনছি। পাঠাও। ওভার।

এটা কে...81? ওভার।

26। রাজারবাগ থেকে প্রচুর গোলাবারুদ পাওয়া গেছে। নিয়ে যাওয়ার ব্যবস্থা করো। ওভার।

রজার। কটা গাড়ি লাগবে?

তিনটা তিন টনি ট্রাক। ওভার।

রজার। তোমাদের কাছে পাঠাচ্ছি। তোমার ইমামকে জানাতে পারো যে, সে এই এলাকার DSAML।

26। রজার। মৃতদেহ এখনো গোনা সম্ভব হয়নি। আর পুলিশদের লাশের খবর পরে জানাচ্ছি। ওভার।

রজার। আনুমানিক কতগুলো অস্ত্র? গোনা হয়েছে কি? ওভার।

26। লোকজন এখনও টহলে ও অন্যান্য কাজে ব্যস্ত। আর তারা আসলে এখনো ঠিক গোনার সময় পায়নি। কিন্তু ইমাম জানিয়েছে, প্রচুর পরিমাণে পাওয়া গেছে। ওভার।

রজার। আশা করি কার্ফিউ ঘোষণা চালিয়ে যাচ্ছেন। তোমরা আরেকটা পিএ সিস্টেম জোগাড় করো। নাহলে আমাদের জানাও আমরাই একটার ব্যবস্থা করবো। ওভার।



*...এরপর কথা অস্পষ্ট হয়ে আসে। ছাড়াছাড়া ভাবে যা শোনা যায় তা হলো ঢাকাবাসীদেরকে ভালোভাবে রাখা হবে। কোনোরকম কর্মকান্ড না চালালে জেনেভা কনভেনশন অনুযায়ী তাদের মানবাধিকার রক্ষা করা হবে!*

এই সময়ে ঢাকায় কোনো বাঙালি সেনা ইউনিট ছিল না। দুয়েক দিনের মধ্যেই তারা ঢাকার হত্যাযজ্ঞের খবর পেতে শুরু করে। ২৭ তারিখ সকালে ব্রাহ্মণবাড়িয়ার ফোর বেঙ্গল বিদ্রোহ করে। যেদিন দুপুর বেলায় জয়দেবপুরের সেকেন্ড বেঙ্গল মেজর শফিউল্লাহর নেতৃত্বে ঢাকা আক্রমণ করতে রওয়ানা হয়। পথে ফোর বেঙ্গলের খালেদা মোশাররফের বার্তা পেলে তার সাথে মিলিত হয়। ২৭ তারিখ সন্ধ্যায় রেডিওতে চট্টগ্রামের এইট বেঙ্গলের মেজর জিয়াউর রহমানের স্বাধীনতার সেই ঘোষণা শোনা গিয়েছিল।